অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/12/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল ওয়াটারটাউন কারেকশনাল ফ্যাসিলিটি এবং উইলার্ড ড্রাগ ট্রিটমেন্ট ক্যাম্পাসের পুনর্গঠনে প্রধান অগ্রগতি ঘোষণা করলেন

ওয়াটারটাউন কারেকশনাল ফ্যাসিলিটির পুনর্গঠনের জন্য প্রস্তাবনার অনুরোধ প্রকাশ করলেন যেখানে ইউনিটের আকার ও ক্রয়ক্ষমতার মাত্রার ক্ষেত্রে ব্যাপ্তিসহ আবাসনের উপর গুরুত্ব প্রদান করা হবে

550 একরের উইলার্ড ড্রাগ ট্রিটমেন্ট ক্যাম্পাসের পুনঃকল্পনার ক্ষেত্রে শীর্ষ নির্মাতার জন্য সেনেকা কাউন্টিতে নতুন প্রস্তাবনার অনুরোধ

নতুন সুযোগ এবং সম্প্রদায় ও অর্থনৈতিক লাভ তৈরির জন্য স্টেটের কারাগার পুনর্গঠন কমিশনের মুখ্য সুপারিশ অগ্রসর হচ্ছে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করেছেন যে জেফার্সন কাউন্টির প্রাক্তন ওয়াটারটাউন কারেকশনাল ফ্যাসিলিটিকে (Watertown Correctional Facility) ইউনিটের আকার ও ক্রয়ক্ষমতার মাত্রার ক্ষেত্রে ব্যাপ্তিসহ একটি আবাসিক প্রকল্পে রূপান্তর করার জন্য এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development, ESD) একটি প্রস্তাবনার অনুরোধ (Request for Proposals, RFP) জারি করেছে, স্টেট মালিকানাধীন সাইটসমূহকে নতুন আবাসনের জন্য নতুন করে ব্যবহার করার গভর্নরের চলমান প্রয়াসে এটি সর্বশেষ মাইলফলক। পাশাপাশি, রোমুলাস টাউনে অবস্থিত প্রাক্তন উইলার্ড ড্রাগ ট্রিটমেন্ট ক্যাম্পাসকে (Willard Drug Treatment Campus) একটি প্রাণবন্ত উপকূলীয় প্রকল্প হিসেবে পুনর্গঠন করার জন্য সেনেকা কাউন্টি একটি প্রস্তাবনার অনুরোধ জারি করেছে, প্রকল্পে আবাসিক, বাণিজ্যিক, বিনোদনমূলক, এবং অন্যান্য ব্যবহারের মিশ্রণ থাকতে পারবে। এই পদক্ষেপসমূহ হলো বন্ধ হয়ে যাওয়া কারাগারকে নতুন আবাসন, চাকরি, এবং স্টেটব্যাপী অর্থনৈতিক কর্মকান্ডকে সমর্থন করে এমন উদ্ভাবনী পুনর্গঠন প্রকল্প হিসেবে পুনঃকল্পনা করার জন্য কারাগার পুনর্গঠন কমিশনের প্রতিবেদন (Prison Redevelopment Commission Report) থেকে মুখ্য সুপারিশসমূহ অগ্রসর করতে গভর্নরের অগ্রগতির অনুবর্তী।

"বন্ধ হয়ে যাওয়া কারাগার পুনর্গঠন করে এবং সাইটগুলি পুনরায় ব্যবহার করার উপায় খোঁজার মাধ্যমে আমরা আমাদের সম্প্রদায়ে বিনিয়োগ করছি," **গভর্নর হোকল বলেন।** "ওয়াটারটাউন এবং উইলার্ড উভয় সাইট এখন অর্থনৈতিক বিকাশের সূচনা, নিউ ইয়র্ক স্টেটকে আরো বসবাসযোগ্য করা এবং সকলের জন্য সুযোগ প্রদান করার ক্ষেত্রে অগ্রগামী গতিপথে রয়েছে।"

ওয়াটারটাউন কারেকশনাল ফ্যাসিলিটি
108 একরের সাইটটিতে ইউনিটের আকার ও ক্রয়ক্ষমতার ব্যাপ্তির কেটি মিশ্রণের আবাসন নির্মাণকে উৎসাহিত করার জন্য ওয়াটারটাউন কারেকশনাল ফ্যাসিলিটি RFP এর নকশা করা হয়েছে। এটি শুধু আবাসনের বিকল্প বৃদ্ধি করবে না, বরং এছাড়াও সম্প্রদায়ের বিকাশ করবে এবং একটি পরিত্যক্ত স্টেট মালিকানাধীন সম্পত্তিকে পুনরায় উৎপাদনশীল কাজে ব্যবহার করতে সাহায্য করবে। RFP এমন প্রস্তাবনাকে অগ্রাধিকার প্রদান করবে যা আরো সাশ্রয়ী আবাসন তৈরি করবে এবং যোগ্য ব্যয়ের ক্ষেত্রে নির্ধারিত নির্মাতার জন্য আর্থিক সমর্থন উপলভ্য হতে পারে।

পাশাপাশি, নির্ধারিত নির্মাতারা সাইটের পুনর্গঠন সংশ্লিষ্ট যোগ্য ক্যাপিটাল ব্যয়ের জন্য সর্বোচ্চ 8 মিলিয়ন মার্কিন ডলার এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট অনুদানের জন্য আবেদন করার যোগ্য হতে পারে। এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের ওয়েবসাইটে RFP উপলভ্য আছে। 25 জুলাই, 2024 তারিখে সাইট পরিদর্শন আয়োজন করা হবে এবং 30 আগস্ট, 2024 তারিখের মধ্যে প্রস্তাবনা অবশ্যই জমা দিতে হবে।

উইলার্ড ড্রাগ ট্রিটমেন্ট ক্যাম্পাস
এছাড়াও গভর্নর হোকল ঘোষণা করেছেন যে রোমুলাস টাউনে অবস্থিত প্রাক্তন উইলার্ড ড্রাগ ট্রিটমেন্ট ক্যাম্পাসের জন্য শীর্ষ নির্মাতার খোঁজে সেনেকা কাউন্টি একটি RFP জারি করেছে। সেনেকা কাউন্টি চেষ্টা করছে যাতে সম্পত্তিটি পুনর্গঠনের জন্য নিউ ইয়র্ক স্টেট থেকে কাউন্টির কাছে হস্তান্তর করা হয়। RFP এর উদ্দেশ্য হলো একটি পছন্দসই মূল নির্মাতা (Preferred Master Developer) সনাক্ত করা, হস্তান্তর কাজ সম্পূর্ণ হওয়ার পর সম্পূর্ণ সাইটের পুনর্গঠন করার জন্য কাউন্টি তাদের সাথে একটি সরকারি-বেসরকারি অংশীদারিত্ব চুক্তিতে প্রবেশ করবে। 75টির বেশি ভবন এবং এক মাইল দীর্ঘ সেনেকা লেকের উপকূলরেখাসহ 550 একরের সাইটটি ঐতিহাসিক স্থানের জাতীয় নিবন্ধনে (National Register of Historic Places) তালিকাভুক্ত রয়েছে। ক্যাম্পাসের 1853 সাল থেকে একটি সমৃদ্ধ ইতিহাস রয়েছে এবং একটি স্যাম্পসন স্টেট পার্কের সংলগ্নে অবস্থিত। পুনর্গঠন পরিকল্পনা অগ্রসর করার ব্যাপারে পছন্দসই মূল নির্মাতাকে সহায়তা কার জন্য কাউন্টি 500,000 মার্কিন ডলার প্রদানের প্রতিশ্রুতি প্রদান করেছে। এছাড়াও কাউন্টি সম্ভাব্য নির্মাতা অংশীদারদের সনাক্ত করার চেষ্টা করছে যারা সাইটের নির্দিষ্ট কোনো অংশের ব্যাপারে আগ্রহী।

আগ্রহী পক্ষদের সাইটের বিস্তারিত পর্যালোচনা করতে এবং 15 অক্টোবর, 2024 বিকাল 5:00টার মধ্যে RFP এর একটি উত্তর জমা দিতে আমন্ত্রণ জানানো হচ্ছে। সেনেকা কাউন্টির ওয়েবসাইটে RFP এবং সফরের তথ্য উপলভ্য রয়েছে।

প্রস্তাবনার এই অনুরোধ কারাগার পুনর্গঠন কমিশনের সুপারিশসমূহকে অগ্রসর করে, কমিশনটি হলো রিয়েল এস্টেট, সম্প্রদায় এবং অর্থনৈতিক বিকাশ, অপরাধ ন্যায়বিচার সংশোধন, এবং সরকারি অভিজ্ঞ ব্যক্তিদের নিয়ে গঠিত একটি পনের সদস্যের প্যানেল যা উদ্ভাবনী পুনর্গঠন প্রকল্পের জন্য বন্ধ হয়ে যাওয়া কারাগারের পুনঃকল্পনা করার জন্য গভর্নর 2022 সালে সমবেত করেন। 2022 সালের ডিসেম্বর মাসে কমিশনটি গভর্নরকে সুপারিশ প্রদান করে, যার মধ্যে ছিলো:

- দুইটি প্রস্তাবনার অনুরোধ (Requests for Proposals, RFP) প্রকাশ করাকে অগ্রাধিকার প্রদান করা এবং RFP প্রক্রিয়ার সময় ESD কে সমর্থন প্রদান করা।
- একটি কারাগার পুনর্গঠন তহবিল (Prison Redevelopment Fund) শুরু করা, এটি একটি ক্যাপিটাল অনুদান কর্মসূচি যা স্টেট থেকে সাইট অধিগ্রহণ করা নির্মাতা এবং/অথবা স্থানীয় এলাকার জন্য তহবিল উপলভ্য করবে।
- বন্ধ হয়ে যাওয়া কারাগারসহ সম্প্রদায়সমূহকে বন্ধ হওয়া ফ্যাসিলিটির পরিচালনায় (যেমন অবকাঠামো অধিগ্রহণ ও রক্ষণাবেক্ষণ) সাহায্য করতে একটি মিউনিসিপ্যাল কারিগরি সহায়তা তহবিল (Municipal Technical Assistance Fund) তৈরি করা।
- প্রভাবিত সম্প্রদায়সমূহে আউটরিচের সমর্থনে এবং ঐক্যমত্য গঠনের জন্য একটি সম্প্রদায়কে জড়িতকরণের প্রক্রিয়া স্থাপন করা।
- ভবিষ্যতের কারাগার RFPসমূহ বা অন্যান্য কারাগার পুনর্গঠন প্রয়াসে আবাসনকে অগ্রাধিকার প্রদান করা।
- নবায়নযোগ্য শক্তির সুযোগ এবং অংশীদারিত্বের ব্যাপারে তদন্ত করা।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের প্রেসিডেন্ট, প্রধান নির্বাহী কর্মকর্তা এবং কমিশনার হোপ নাইট বলেন, "গভর্নর হোকলের নেতৃত্বাধীনে আমরা সরকারি-বেসরকারি অংশীদারিত্বকে উৎসাহিত করছি এবং প্রাক্তন কারাগারের সাইটসমূহের পুনঃকল্পনা এবং ইতিবাচক, সমতার অর্থনৈতিক বিকাশ প্রচারের জন্য নতুন বিনিয়োগ তৈরি করতে আমাদের স্থানীয় অংশীদারদের সাথে কাজ করছি। কারাগার পুনর্গঠন কমিশনের মাধ্যমে, সাবেক স্টেট কারাগার ফ্যাসিলিটিসমূহের অভিযোজিত পুনর্ব্যবহার ও পুনর্গঠনের সমর্থনে সুপারিশের প্রস্তাব প্রদান করা হয়েছে। এই দুইটি RFP প্রাণবন্ত আবাসিক সম্প্রদায় গঠনের পরবর্তী ধাপসমূহের প্রতিনিধিত্ব করে যা স্টেটের আবাসন সঙ্কটকে আরো সমাধান করবে এবং অর্থনৈতিক প্রবৃদ্ধি সৃষ্টি করবে।"

নিউ ইয়র্ক স্টেট হোম এবং কমিউনিটি রিনিউয়ালের (Homes and Community Renewal, HCR) কমিশনার রুথঅ্যান ভিস্নাউস্কাস বলেন, "আজকের RFP হলো নিউ ইয়র্কবাসীদের জন্য ক্রয়ক্ষমতা উন্নত করা এবং স্টেটের প্রত্যেক অঞ্চলে নতুন আবাসন বিকল্প তৈরি করার ক্ষেত্রে বিভিন্ন ধরনের কৌশলকে কাজে লাগানোর প্রতি গভর্নর হোকলের প্রতিশ্রুতির আরেকটি উদাহরণ। ওয়াটারটাউন কারেকশনাল ফ্যাসিলিটি এবং উইলার্ড ড্রাগ ট্রিটমেন্ট সেন্টারের পুনর্গঠন নর্থ কান্ট্রি ও ফিঙ্গার লেকসে আরো বাসা তৈরির একটি উল্লেখযোগ্য সুযোগ প্রদান করে, এবং আপস্টেট নিউ ইয়র্কের অর্থনৈতিক বিকাশে অবদান রাখে।"

নিউ ইয়র্ক স্টেট সংশোধন ও কমিউনিটি সুপারভিশন বিভাগের (Department of Corrections and Community Supervision) ভারপ্রাপ্ত কমিশনার ড্যানিয়েল এফ মার্টুসেলো দ্য থার্ড বলেন, "যেকোনো সংশোধন ফ্যাসিলিটি বন্ধ করা একটি কঠিন সিদ্ধান্ত, কিন্তু পুনর্ব্যবহার ও পুনর্গঠনের সম্ভাবনা রয়েছে এমন সাইট বাছাই করা সেই প্রক্রিয়ার একটি অতি গুরুত্বপূর্ণ নির্ণায়ক। সেই ক্ষেত্রে, প্রাক্তন ওয়াটারটাউন কারেকশনাল ফ্যাসিলিটি সাইট, উইলার্ড ড্রাগ ট্রিটমেন্ট ক্যাম্পাস ও প্রস্তাবনার অনুরোধ জারি করায় যেই অগ্রগতি হচ্ছে তা উৎসাহজনক, এগুলি শুধু গভর্নরের আবাসিক উদ্যোগসমূহের সাথে নয়, বরং এছাড়াও

কারাগার পুনর্গঠন কমিশনের তৈরি সুপারিশের সাথেও মানানসই। এইসব সাইটে ভবিষ্যতে কী হতে যাচ্ছে এবং স্থানীয় সম্প্রদায়সমূহের উপর তার ইতিবাচক প্রভাব দেখার জন্য আমি উন্মুখ।"

নিউ ইয়র্ক স্টেট জেনারেল সার্ভিসেস অফিসের (Office of General Services, OGS) কমিশনার জিনেট ময় বলেন, "স্বল্প ব্যবহৃত স্টেটের সম্পত্তি ভিন্ন উদ্দেশ্যে ব্যবহার করলে তা কীভাবে নিরাপদ ও সাশ্রয়ী আবাসনের চাহিদা পূরণ করতে পারে এবং একই সাথে স্টেটের অর্থনীতিকে বলীয়ান করতে পারে তার একটি উদাহরণ হলো প্রাক্তন ওয়াটারটাউন কারেকশনাল ফ্যাসিলিটি এবং উইলার্ড ড্রাগ ট্রিটমেন্ট ক্যাম্পাসের রূপান্তর। গভর্নর হোকলের কারাগার পুনর্গঠন কমিশনের একজন সদস্য হিসেবে, কমিশনের সুপারিশকে বাস্তব পদক্ষেপে পরিণত করার জন্য আমি গভর্নরের প্রশংসা করছি যার মাধ্যমে এই সাইটগুলি পুনরায় খুলবে এবং ওয়াটারটাউন ও রোমুলাস সম্প্রদায়ের জন্য লাভজনক হয়ে উঠবে।"

গভর্নর হোকলের আবাসন এজেন্ডা

নিউ ইয়র্কের আবাসন সঙ্কট সমাধান করা এবং স্টেটকে সকল নিউ ইয়র্কবাসীর জন্য আরো সাশ্রয়ী এবং আরো বসবাসযোগ্য করার ব্যাপারে গভর্নর হোকলের প্রতিশ্রুতিবদ্ধ। আপস্টেট সম্প্রদায়সমূহে নতুন কর প্রণোদনা প্রদান, নিউ ইয়র্ক সিটিকে আরো আবাসন তৈরির জন্য নতুন প্রণোদনা ও জোনিং রিলিফ, স্টেটের জমিতে 15,000টি পর্যন্ত নতুন বাসা নির্মাণের জন্য 500 মিলিয়ন মার্কিন ডলার ক্যাপিটাল তহবিল, স্টেটব্যাপী বিভিন্ন ধরনের হাউজিং ডেভেলপমেন্টের সমর্থনে অতিরিক্ত 600 মিলিয়ন মার্কিন ডলার তহবিলের মাধ্যমে নিউ ইয়র্কের আবাসন সরবরাহ বৃদ্ধি করতে অর্থবছর 2025 প্রণীত বাজেটের অংশ হিসেবে গভর্নর একটি ল্যান্ডমার্ক চুক্তি নিশ্চিত করেছেন। এই ব্যবস্থাগুলি হলো অর্থবছর 2023 সালের প্রণীত বাজেটে গভর্নরের নিশ্চিত করা একটি পাঁচ বছর মেয়াদি, 25 বিলিয়ন মার্কিন ডলারের আবাসন পরিকল্পনার অনুবর্তী যা 100,000 ইউনিট সাশ্রয়ী আবাসন নির্মাণ বা সংরক্ষণ করবে।

পাশাপাশি গভর্নর হোকল অন্যান্য সাবেক কারাগারের সাইটের পুনঃকল্পনা করার জন্য ইতিবাচক পদক্ষেপ গ্রহণ করেছেন যেখানে আবাসনের উপর জোর দেওয়া হবে। গত বছর গভর্নর নিউ ইয়র্ক সিটির সাবেক লিঙ্কন সংশোধন ফ্যাসিলিটিকে (Lincoln Correctional Facility) 105 ইউনিটের সাশ্রয়ী আবাসন এবং শিল্প ও কমিউনিটি স্পেসসহ একটি মিশ্র ব্যবহারের ডেভেলপমেন্ট হিসেবে পুনর্গঠনের জন্য বিজয়ী প্রস্তাবনা ঘোষণা করেন। পাশাপাশি, গভর্নর সম্প্রতি ডাচেস কাউন্টির ফিশকিলে অবস্থিত ডাউনস্টেট কারেকশনাল ফ্যাসিলিটিকে (Downstate Correctional Facility) নতুন আবাসন ও কমিউনিটি স্পেসসহ একটি প্রাণবন্ত, মিশ্র ব্যবহারের ডেভেলপমেন্টে রূপান্তরিত করার জন্য বিজয়ী প্রস্তাবনার নাম ঘোষণা করেছেন। এছাড়া গভর্নর নিউ ইয়র্ক সিটির বেভিউ সংশোধন ফ্যাসিলিটির (Bayview Correctional Facility) পুনর্গঠনের জন্য প্রস্তাবনার অনুরোধ শুরু করেছেন, যেখানে আবাসনের উপর অধিক জোর প্রদান করা হয়েছে। পাশাপাশি, এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট গ্রোভল্যান্ড টাউনে অবস্থিত লিভিংস্টোন সংশোধন ফ্যাসিলিটিকে (Livingston Correctional Facility) সফলভাবে লিভিংস্টোন কাউন্টি ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট এজেন্সিতে (Livingston County Industrial Development Agency) রূপান্তরিত করেছে, যা কারাগার পুনর্গঠন কমিশনের প্রতিবেদনের একটি মুখ্য সুপারিশকে অগ্রসর করেছে।

স্টেটের সিনেটর টমাস এফ ও'হারা বলেন, "এটি হলো প্রাক্তন উইলার্ড ড্রাগ ট্রিটমেন্ট ক্যাম্পাসের সাইটের ভবিষ্যৎ পুনর্গঠনের দিকে সেনেকা কাউন্টির গৃহীত একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ। সেনেকা কাউন্টির সম্প্রদায়, বাসিন্দা, এবং করদাতাদের ভবিষ্যতের জন্য এই মূল্যবান সম্পত্তির আকর্ষণীয় ও উৎপাদনশীল পূর্নব্যবহার অর্জন করবে এমন একটি সরকারি-বেসরকারি অংশীদারিত্ব গঠন করার ক্ষেত্রে কাউন্টির চলমান প্রয়াসকে সাহায্য করতে স্টেটের সাথে একত্রে কাজ করতে আমরা উন্মুখ।"

অ্যাসেম্বলি সদস্য স্কট এ গ্রে বলেন, "অ্যাসেম্বলিতে আমার দায়িত্ব পালনের সময় আমার অফিসের একটি শীর্ষ বিষয় হয়ে আছে স্টেট মালিকানাধীন সম্পত্তির রক্ষণাবেক্ষণ, ডিকমিশন হওয়া কারাগার, সাইক সেন্টার বা নিউ ইয়র্ক স্টেট ইউনিভার্সিটির (State University of New York, SUNY) ক্যাম্পাস, সকল ধরনের স্টেট মালিকানাধীন সম্পত্তির জন্য আমাদেরকে ভালো রক্ষক হতে হবে এবং সেগুলির সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করে আমাদেরকে এদের ভিন্ন উদ্দেশ্যে ব্যবহার করতে হবে। ওয়াটারটাউন কারেকশনাল ফ্যাসিলিটির জন্য RFP এর সংবাদ হলো এই ভিন্ন উদ্দেশ্যে ব্যবহারের ক্ষেত্রে একটি মুখ্য অগ্রগামী ধাপ। এই পরিকল্পনাটির সম্পূর্ণ হওয়া এবং ফ্যাসিলিটিকে সম্পূর্ণরূপে ভিন্ন উদ্দেশ্যে ব্যবহার নিশ্চিত করার জন্য আমি অধ্যবসায়ের সাথে কাজ করা অব্যাহত রাখবো। এই উদ্যোগকে অগ্রসর করার জন্য গভর্নর হোকলকে ধন্যবাদ।"

জেফার্সন কাউন্টির বিধায়ক বোর্ডের (Jefferson County Board of Legislators) প্রধান উইলিয়াম ডব্লিউ জনসন বলেন, "এটি একটি দারুণ সংবাদ; পরিত্যক্ত ওয়াটারটাউন কারেকশনাল ফ্যাসিলিটিকে ভিন্ন উদ্দেশ্যে ব্যবহার করার জন্য পদক্ষেপ গ্রহণ করায় আমরা স্টেটের প্রশংসা করছি, এটি জেফার্সন কাউন্টির আবাসন চাহিদা পূরণ করতে সাহায্য করবে।"

ওয়াটারটাউন টাউনের সুপারভাইজার জোয়েল বার্লেট বলেন, "প্রাক্তন ড্রাই হিল কারাগারকে সাশ্রয়ী আবাসনে রূপান্তর করার জন্য গভর্নরের সিদ্ধান্তকে আমরা স্বাগত জানাচ্ছি এবং বহু বছর কর মওকুফ হওয়ার পর সম্পত্তিটিকে টাউন ও কাউন্টির করের তালিকায় পুনরায় ফেরত পাওয়ার সুযোগের জন্য আমরা উন্মুখ। আমরা সকলেই উপলব্ধি করছি যে নিউ ইয়র্ক স্টেটে, এবং বিশেষ করে ওয়াটারটাউন এলাকায় আরো আবাসন প্রয়োজন, এবং নতুন ও অতিরিক্ত আবাসনের প্রচারে গভর্নরের উদ্যোগ আমাদেরকে এলাকার বর্তমান ও ভবিষ্যৎ চাহিদা পূরণ করতে সাহায্য করবে।"

সেনেকা কাউন্টির সুপারভাইজার বোর্ডের (Seneca County Board of Supervisors) চেয়ারম্যান মাইকেল এনস্লো বলেন, "উইলার্ড ক্যাম্পাসের পুনর্গঠনের জন্য ঐতিহাসিক মোড় হয়ে থাকা এই কাজের সূচনায় স্টেট ও অন্যান্য বহু এজেন্সির সাথে অংশীদারিত্ব করতে পেরে সেনেকা কাউন্টি অত্যন্ত আনন্দিত। এই প্রকল্পের কাজ শুরু হতে দেখে আমরা অতি আনন্দিত, এবং এই সাইটের ভবিষ্যৎ কী হয় তা দেখার জন্য অধীর আগ্রহে অপেক্ষা করছি।"

সেনেকা কাউন্টি অর্থনৈতিক বিকাশ, পর্যটন এবং আবাসনের (Seneca County Economic Development, Tourism and Housing) প্রধান জেফ্রি ট্রাউট বলেন, "সেনেকা কাউন্টি এই ব্যাপারে সম্পূর্ণ প্রতিশ্রুতিবদ্ধ যা আমাদের ইতিহাসের সবথেকে গুরুত্বপূর্ণ

সরকারি-বেসরকারি বিনিয়োগ হয়ে উঠবে। পর্যটন, আবাসন, এবং অবকাঠামোর সংশ্লিষ্ট উন্নয়নসমূহ সম্পূর্ণ ফিঙ্গার লেকস অঞ্চলকে অগ্রসর করবে।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন